

🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعَرَاء

আয়াতঃ ২৬ : ১৯৭

💵 আরবি মূল আয়াত:

اَوَ لَم يَكُن لَّهُم أَيَةً أَن يَّعلَمَهُ عُلَمَوُّا بَنِي اِسرَآءِيلَ ﴿١٩٧﴾ اَوَ لَم يَكُن لَّهُم

🗚 অনুবাদসমূহ:

এটা কি তাদের জন্য একটি নিদর্শন নয় যে, বনী ইসরাঈলের পশুতগণ তা জানে? — আল-বায়ান এটা কি তাদের জন্য নিদর্শন নয় যে, বানী ইসরাঈলের পশুতগণ তা জানত (যে তা সত্য)। — তাইসিরুল বানী ইসরাঈলের পশুতরা এটা অবগত আছে, এটা কি তাদের জন্য নিদর্শন নয়? — মুজিবুর রহমান And has it not been a sign to them that it is recognized by the scholars of the Children of Israel? — Sahih International

১৯৭. বনী ইসরাঈলের আলেমগণ এ সম্পর্কে জানে—এটা কি তাদের জন্য নিদর্শন নয়?(১)

(১) অর্থাৎ বনী ইসরাঈলের আলেমরা একথা জানে যে, কুরআন মজীদে যে শিক্ষা দেয়া হয়েছে তা ঠিক সেই একই শিক্ষা যা পূর্ববর্তী আসমানী কিতাবগুলোতে দেয়া হয়েছিল। মক্কাবাসীরা কিতাবের জ্ঞান না রাখলেও আশেপাশের এলাকায় বনী ইসরাঈলের বিপুল সংখ্যক আলেম ও বিদ্বান রয়েছে। তারা জানে, মুহাম্মাদ ইবনে আবদুল্লাহ আজ প্রথমবার তাদের সামনে কোন অভিনব ও অদ্ভুত "কথা" রাখেননি। বরং হাজার হাজার বছর থেকে আল্লাহর নবীগণ এই একই কথা বারবার এনেছেন। এ নাযিলকৃত বিষয়ও সেই একই রব্বুল আলমীনের পক্ষ থেকে এসেছে যিনি পূর্ববর্তী কিতাবগুলো নাযিল করেছিলেন, এ কথাটি কি এ বিষয়ে নিশ্চিন্ততা অর্জন করার জন্য যথেষ্ট নয়? [দেখুন: ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(১৯৭) বনী-ইস্রাঈলের পন্ডিতগণ এ অবগত আছে --এ কি ওদের জন্য নিদর্শন নয়? [1]

[1] কেননা, ঐ সমস্ত গ্রন্থে নবী (সাঃ) এবং কুরআনের কথা উল্লেখ রয়েছে। মক্কার কাফেররা ধর্মীয় ব্যাপারে ইয়াহুদীদের কাছে রুজু করত। এই হিসাবে বলা হয়েছে যে, তাদের এ জানা ও বলা কি এই কথার প্রমাণ নয় যে, মুহাম্মাদ (সাঃ) আল্লাহর সত্য রসূল এবং এ কুরআন আল্লাহ প্রদন্ত গ্রন্থ। তাহলে তারা ইয়াহুদীদের এই কথা শুনে নবীর উপর ঈমান আনয়ন করে না কেন?

তাফসীরে আহসানুল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3129

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন